

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৪৫.১৯.১৬২

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬

০৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-৭৭৭৫/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে
টিএমইডিতে তথ্যপ্রেরণ।

সূত্র: মহামান্য হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২২.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব কাজী মোহাম্মদ ইসমাইল, পিতা: কাজী মোহাম্মদ জহুর, অলি মিয়া ডাক্তার বাড়ি, গ্রাম: কাগাতিয়া মাইজপাড়া, পোস্ট: বিনাজুরি-৪৩৪১, থানা: রাউজান, জেলা: চট্টগ্রাম কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৭৭৭৫/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় স্বাক্ষরিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর স্মারক নং-ইআরবি/রেজি/প্রশা/৮৫৩৬, তারিখ: ১০.০৭.২০১৯ খ্রি: মূলে কাগাতিয়া ঈশাতুল উলুম কামিল এম.এ মাদরাসা, রাউজান, চট্টগ্রাম এর গভার্ণিং বডি বাতিল করা হয় এবং এ্যাডিশনাল ডেপুটি কমিশনার, চট্টগ্রাম-কে সভাপতি করে একটি এ্যাডহক কমিটি মনোনয়ন দেয়া হয়। এর পরিপ্রেক্ষিতে সংক্ষুব্ধ হয়ে আবেদনকারী জনাব কাজী মোহাম্মদ ইসমাইল কর্তৃক ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর স্মারক নং-ইআরবি/রেজি/প্রশা/৮৫৩৬, তারিখ: ১০.০৭.২০১৯ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-৭৭৭৫/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. মামলাটিতে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ২ নং রেসপনডেন্ট; রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৮ জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. উক্ত মামলায় গত ২২.০৭.২০১৯ খ্রি: তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক নিম্নরূপ আদেশ জারি করা হয়েছে:

“ Pending hearing of the Rule, operation of the Order under Memo No. ইআরবি/রেজি/প্রশা/৮৫৩৬ dated: ১০.০৭.২০১৯ passed by the respondent No.3 (Annexure-1) is stayed for a period of 04 (four) months from date.”

০৫. উক্ত রীট পিটিশন মামলা বিষয়ে সরকার পক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) আবশ্যিক-

ক. উক্ত রিট মামলার জবাব (Affidavit in opposition) আদালতে দাখিল হয়েছে কি-না?

খ. উক্ত মামলায় শুনানী হয়ে কোন রায় প্রদান করা হয়েছে কি-না?

গ. উক্ত মামলার সর্বশেষ অবস্থা কী?

ঘ. উক্ত মামলা বিষয়ে টিএমইডি এর বর্তমানের করণীয় কী?

০৬. এখানে উল্লেখ্য যে, আলোচ্য মামলার সাথে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় একান্তভাবে জড়িত।

০৭. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়টি বিবেচনাক্রমে রিট পিটিশন নং-৭৭৭৫/২০১৯ মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে গৃহীত আইনী কার্যক্রমের তথ্য আগামী ৩০.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৯-৯-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৪৫.১৯.১৬২/১(৭)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬
০৯ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



৯-৯-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)